গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

বিষয়: বাংলাদেশ টেলিভিশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া চূড়ান্ত অনুমোদনের জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সোহরাব হোসেন<br>মহাপরিচালক |
| তারিখ | : | ১৭.০৬.২০২১ খ্রি: |
| সময় | : | ১১:৩০ ঘটিকা |
| স্থান | : | সদর দপ্তর ভবনের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিচালক (প্রশাসন) কে আহবান জানান। পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে বাংলাদেশ টেলিভিশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া প্রেরণের অনুরোধ জানানো হয়। সে মোতাবেক খসড়া কর্মপরিকল্পনা তৈরি করে নৈতিকতা কমিটির অনুমোদনসহ ১১.০৫.২০২১ তারিখ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে উক্ত খসড়ার উপর ১৫.০৬.২০২১ খ্রি. তারিখ ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রেরিত খসড়া কিছু সংশোধন করে নৈতিকতা কমিটির অনুমোদনসহ ২০.০৬.২০২১ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক খসড়া কর্মপরিকল্পনা সংশোধন করা হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০২। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) বিটিভির কর্মপরিকল্পনা:

| ক্র: নং | বিষয় | আলোচনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ টেলিভিশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া চূড়ান্ত অনুমোদন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া সংশোধনপূর্বক কমিটি কর্তৃক অনুমোদন করে নির্ধারিত ২০ জুন ২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত** : অনুমোদিত চূড়ান্ত কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

খ) ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের কর্মপরিকল্পনা পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান।

| ক্র: নং | বিষয় | আলোচনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | নির্দেশিকার ১.৫ অনুসারে সংশোধনপূর্বক নৈতিকতা কমিটির অনুমোদনসহ ২৫.০৬.২০২১ খ্রি. তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণপূর্বক ওয়েবসাইটে আপলোডকরণ | বিটিভি ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়ায় নির্দেশিকার ১.৫ অনুসারে নির্বাচিত কার্যক্রমের নাম, বাস্তবায়ন প্রক্রিয়া ও প্রমাণক হিসেবে কি সরবরাহ করা হবে তার বিবরণ পৃথক সংযুক্তিতে প্রদান করে কর্মপরিকল্পনা সংশোধন করে নৈতিকতা কমিটির অনুমোদনসহ ২৫.০৬.২০২১ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>**সিদ্ধান্ত** :<br>অনুমোদিত চূড়ান্ত কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে বিটিভি সদর দপ্তরে প্রেরণসহ ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম |

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-
সোহরাব হোসেন
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

সিস্টেম এনালিস্ট-এর কার্যালয়
ডায়েরী নং ৪৪৬ তারিখ ২৭/৬/২০২১





নং-১৫.৫৪.০০০০.০২১.২২.১৯২.২১- ১৪৬৫/১(৭)

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। উপমহাপরিচালক (বার্তা/অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। পরিচালক......................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। উপসচিব (প্রশাসন-৪), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (সভার নোটিশ ও কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৭। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
০৮। কার্যালয় নথি ।

১৭/৬/২১

মো: হেলাল কবির
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৯৯ (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.২২.১৯২.২১- ৭৪৭৫

তারিখ : ০২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ

# সভার নোটিশ

আগামী ১৭.০৬.২০২১ খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার নৈতিকতা কমিটির সভা সদর দপ্তর ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

আলোচ্য বিষয় :

০১। বাংলাদেশ টেলিভিশনের খসড়া কর্ম-পরিকল্পনা ২০২১-২২ চূড়ান্তকরণ ; এবং
০২। বিবিধ ।

(মো: হেলাল কবির)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৯৯ (অফিস)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। পরিচালক ----------------------------(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র ।

অনুলিপিঃ

০১। সহকারী পরিচালক (প্রশাসন/কমন সার্ভিস), বিটিভি, প্রধান কার্যালয়, ঢাকা - (সভাকক্ষ প্রস্তুত ও আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য)।
০২ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৩। কার্যালয় নথি ।